



নং-২৮.১২.০০০০.১০৪.০৪.০০২.২৫-৩৫৬

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, অধস্তন/নিম্ন আদালতসহ প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে দায়েরকৃত মামলাসমূহে সরকারের স্বার্থ রক্ষার্থে প্রতিদ্বন্দ্বিতা, সুষ্ঠু তদারকি, পরিচালনা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে প্রাথমিকভাবে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক ০১ (এক) জন প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। উল্লিখিত পদে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী আইনজীবীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(ক) আবশ্যিক যোগ্যতা ও প্রাথমিক শর্তাবলিঃ

১. প্রার্থীর হাইকোর্ট বিভাগে অ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং কর্পোরেট/দেওয়ানী/রিট মামলা নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রতিযোগিতা আইন, ২০১২, কর্পোরেট ল, বাণিজ্যিক চুক্তি, মার্জার অ্যান্ড একুইজিশন (M&A) এবং বাণিজ্য বিষয়ক আইনে পারদর্শিতা থাকতে হবে। অর্থনৈতিক/বাজার বিশ্লেষণ সংক্রান্ত মামলা পরিচালনায় অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।
২. আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ঢাকায় বসবাসরত হতে হবে।
৩. আবেদনকারীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে ৫০ (পঞ্চাশ) বছরের অধিক হতে পারবে না।
৪. কমিশন কর্তৃক তদন্তাধীন বা মামলাধীন কোনো কোম্পানি/কার্টেল/অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংঘের পক্ষে আইনজীবী হিসাবে উপস্থিত হতে পারবেন না। কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে।
৫. নিযুক্ত আইনজীবী সরকার কর্তৃক নির্ধারিত হারে শুধুমাত্র মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের জন্য ফি/সম্মানী প্রাপ্য হবেন। প্রতিযোগিতা কমিশনে মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে সুপ্রিম কোর্ট ব্যতীত অন্যান্য নিম্ন আদালতের জন্য প্রযোজ্য সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি/সম্মানী প্রাপ্য হবেন।
৬. প্যানেল থেকে অব্যাহতি নিতে চাইলে ৬০ (ষাট) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে।
৭. নিয়োগের সকল শর্তাবলী লিখিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে।
৮. প্রাপ্ত আবেদনের তালিকা হতে সাক্ষাৎকারের মাধ্যমে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে প্রতিযোগিতা কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(খ) নিম্ন বর্ণিত তথ্যাদি/কগজপত্রাদি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

১. আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
২. আবেদনপত্রের সাথে (ক) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, (ঘ) বার কাউন্সিল এবং হাই কোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত সকল পেশাগত সনদের সত্যায়িত কপি, ও (ঙ) অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; এবং
৩. আবেদনপত্র ২২ অক্টোবর, ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সচিব (উপসচিব), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪), ৩৭/৩/এ পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা বরাবর পৌঁছাতে হবে।

(মাহবুবুর রহমান খান)
সচিব (উপসচিব)

ও

সদস্য সচিব
প্যানেল আইনজীবী বাছাই/নিয়োগ কমিটি